গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
জাহাজ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

বিষয় : নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন নৌপরিবহন অধিদপ্তরের "অভ্যন্তরীণ নৌপরিবহন আইন, ২০২১ (খসড়া)" এর উপর মন্ত্রিপরিষদ বিভাগের পর্যবেক্ষণের আলোকে প্রেরিত সিদ্ধান্তের প্রেক্ষিতে উক্ত খসড়ার উপর আলোচনার জন্য স্টেকহোল্ডারদের সমন্বয়ে সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী<br>সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়। |
| তারিখ | : | ১১/০৪/২০২২ খ্রি. |
| সময় | : | সকাল ১০.৩০ মি. |
| স্থান | : | মন্ত্রনালয়ের সভা কক্ষ। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা : পরিশিষ্ট 'ক'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত করে সভার কার্যক্রম শুরু করেন। তিনি প্রারম্ভিক বক্তব্যে বলেন যে, আইনটির প্রারম্ভিক খসড়ার ব্যাপারে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের নিয়ে গত ০৯-০৩-২০২১ খ্রি. তারিখে সভা করে মতামত নিয়ে এবং গত ১৫-০৩-২০২১ খ্রি. তারিখে আন্তঃমন্ত্রণালয় সভা করে প্রথমে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাংলা ভাষা বাস্তবায়ন কোষ (বাবাকো)-তে ২৪-০৩-২০২১ খ্রি. তারিখে পাঠানো হয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাবাকো থেকে গত ৩০-০৫-২০২১ খ্রি. তারিখে আইনটি প্রমিতীকরণ হয়ে আসার পর গত ১৩-০৭-২০২১ খ্রি. তারিখ মন্ত্রিপরিষদ বিভাগে পাঠানো হয়েছিল। অতঃপর মন্ত্রিপরিষদ বিভাগ গত ১০-১০-২০২১ খ্রি. তারিখের ০৪.০০.০০০০.১১৬.২২.০০১.২১.০২ নং স্মারক পত্রে কিছু পর্যবেক্ষণ প্রদান করে। সভাপতি সভায় আরো উল্লেখ করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের পর্যবেক্ষণের আলোকে প্রস্তুতকৃত খসড়াটি এখন অধিকতর বাস্তবানুগ হয়েছে এবং এতে আইনের কলেবরও কিছুটা কমে আসবে। সভাপতি উপস্থিত সকলের নিকট দন্ড ও অপরাধ একসাথে রাখা যুক্তিযুক্ত হবে কি না জানতে চাইলে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ এর সদস্য ও যুগ্মসচিব জনাব মোঃ দেলোয়ার হোসেন বলেন যে, অপরাধ ও দন্ড এক সাথে থাকলে সাধারণ মানুষের বুঝতে সুবিধা হবে। তিনি ব্যক্তিগতভাবে এটি ভাল পদক্ষেপ বলে মনে করেন। রিয়ার অ্যাডমিরাল এম শাহজাহান, চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ বলেন যে, দন্ড ও অপরাধ প্রত্যেক ধারার শেষে একসাথে রাখাই যুক্তিযুক্ত হবে। সভায় অপরাপর সদস্যগণও এ মতামত সমর্থন করেন। অতঃপর সভাপতির সম্মতিক্রমে উপসচিব জনাব মুহাম্মদ লুৎফর রহমান সভার মূল কার্যপত্র পাঠ করে শোনান এবং মন্ত্রিপরিষদ বিভাগের গত ১০ অক্টোবর, ২০২১ খ্রি. তারিখের সভার পর্যবেক্ষণসমূহ যথাঃ ক্রমিক নং ৩.১, ৩.২, ৩.৩ ও ৩.৪ এ বর্ণিত ধারাসমূহ সভায় উপস্থাপন করেন। অতঃপর সভাপতি পদ্ধতিগত বিষয়সহ ধারা ৬, ৭ কিভাবে আরো পরিমার্জন করা যায় সে বিষয়ে সকলের মতামত জানতে চান এবং ৬ ও ৭ ধারা পাঠ করে শোনানোর জন্য উপসচিব (জাহাজ)কে অনুরোধ করেন। সভায় ধারা ৬ ও ৭ পাঠ করে শোনানো হয় এবং এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। অতঃপর সভাপতি জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগের পর্যবেক্ষণের আলোকে মন্ত্রণালয় কর্তৃক পরিমার্জনকৃত খসড়া ঠিক আছে। অতঃপর এ মতামত সভার সদস্যগণ কর্তৃক সমর্থিত হয়। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের আইন কর্মকর্তা (যুগ্ম জেলা জজ) জনাব মুনতাসির আহমেদ সভায় খসড়া আইনে ০৫ (পাঁচ) বছরের দন্ড মোবাইল কোর্টে বিচারের বিষয়ে আপত্তি জানিয়ে আদালত স্থাপনের বিষয়টি উত্থাপন করেন। অতঃপর সভায় জানানো হয় যে, উক্ত আইনের খসড়ায় নৌআদালত স্থাপনের বিষয়টি ধারা ৫০ এ উল্লেখ রয়েছে আর মোবাইল কোর্ট এর বিষয়টি ধারা ৭৪ এ উল্লেখ করা হয়েছে। নৌপরিবহন অধিদপ্তরের প্রধান প্রকৌশলী জনাব মোঃ মঞ্জুরুল কবীর ক্লাসিফিকেশন সোসাইটি গঠনের বিষয়ে সভায় আলোচনা করেন। উক্ত আলোচনার প্রেক্ষিতে ধারা ৬(৬) এর শেষে "তবে শর্ত থাকে যে, ক্লাসিফিকেশন সোসাইটি গঠিত না হওয়া পর্যন্ত (ক্লাসিফিকেশন সোসাইটির) এর কার্যক্রম নৌপরিবহন অধিদপ্তর সম্পাদন করিতে পারিবে।"

(অঃ পৃঃ দ্রঃ)

এ লেখাটি সংযুক্ত হওয়ার বিষয়ে সবাই একমত হন। অতঃপর সভায় উপস্থিত সকলের বক্তব্যের আলোকে মন্ত্রিপরিষদ বিভাগের গত ১০ অক্টোবর, ২০২১ খ্রি. তারিখের ০৪.০০.০০০০.১১৬.২২.০০১.২১.০২ নং স্মারকে প্রেরিত ক্রমিক নং ৩.১, ৩.২, ৩.৩ ও ৩.৪ এ বর্ণিত পর্যবেক্ষণের আলোকে 'অভ্যন্তরীণ নৌপরিবহন আইন, ২০২১ এর (খসড়া)'র বিষয়ে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

সিদ্ধান্ত:

১। মন্ত্রিপরিষদ বিভাগের গত ১০ অক্টোবর, ২০২১ খ্রি. তারিখের ০৪.০০.০০০০.১১৬.২২.০০১.২১.০২ নং স্মারকে বর্ণিত ক্রমিক নং ৩.১ এর পর্যবেক্ষণের পরিপ্রেক্ষিতে আইনের উদ্দেশ্য প্রতিফলনের জন্য প্রস্তাবিত আইনের প্রস্তাবনা সংক্ষিপ্ত আকারে পরিমার্জন করতে হবে।

২। মন্ত্রিপরিষদ বিভাগের গত ১০ অক্টোবর, ২০২১ খ্রি. তারিখের ০৪.০০.০০০০.১১৬.২২.০০১.২১.০২ নং স্মারকে বর্ণিত ক্রমিক নং ৩.২ এর পর্যবেক্ষণের পরিপ্রেক্ষিতে অত্যাবশ্যকীয় অংশ মূল আইনে রাখা হয়েছে এবং পদ্ধতিগত বিষয়গুলোকে পরবর্তীতে বিধি প্রণয়ন এর সময় অনুসরণ করা হবে।

৩। মন্ত্রিপরিষদ বিভাগের গত ১০ অক্টোবর, ২০২১ খ্রি. তারিখের ০৪.০০.০০০০.১১৬.২২.০০১.২১.০২ নং স্মারকে বর্ণিত ক্রমিক নং ৩.৩ এর পর্যবেক্ষণের পরিপ্রেক্ষিতে প্রতিটি ধারার শেষে উক্ত ধারার অপরাধ ও শাস্তি সংযুক্ত করা হবে।

৪। মন্ত্রিপরিষদ বিভাগের গত ১০ অক্টোবর, ২০২১ খ্রি. তারিখের ০৪.০০.০০০০.১১৬.২২.০০১.২১.০২ নং স্মারকে বর্ণিত ক্রমিক নং ৩.৪ এর পর্যবেক্ষণের পরিপ্রেক্ষিতে মোবাইল কোর্ট সংক্রান্ত নিম্নরূপ বিধান ৭৪ ধারায় সংযুক্ত করতে হবে:

"এই আইনের অন্য কোন বিধানে যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের অপরাধসমূহ মোবাইল কোর্ট আইন, ২০০৯, (২০০৯ এর ৫৯ নম্বর আইন)-এর বিধান মোতাবেক মোবাইল কোর্ট কর্তৃকও বিচার্য হইবে।"

৫। ধারা ৬(৬) এর শেষে নিম্নরূপ বিধান সংযুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়:

"তবে শর্ত থাকে যে, ক্লাসিফিকেশন সোসাইটি গঠিত না হওয়া পর্যন্ত (ক্লাসিফিকেশন সোসাইটি) এর কার্যক্রমটি নৌপরিবহন অধিদপ্তর সম্পাদন করিতে পারিবে।"

৬। উপরোক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে কার্যক্রম সম্পন্ন করতঃ খসড়া আইনটি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখঃ ১৯/০৪/২০২২।
(মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী)
সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়।

নং-১৮.০০.০০০০.০২৪.২২.০০১.১৮(অংশ-২)- 82 তারিখঃ ২০-০৪-২০২২।

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। চেয়ারম্যান, জাতীয় নদীরক্ষা কমিশন/চবক/মোবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/বাস্থবক/পাবক।
২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।

(অঃ পৃঃ দ্রঃ)

৪। কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, জুলদিয়া, আনোয়ারা, চট্টগ্রাম-৪২০৬।

৫। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।

৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

৭। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, দক্ষিণ হালিশহর, বন্দর, চট্টগ্রাম-৪১০০।

৮। অতিরিক্ত সচিব (সংস্থা-১/২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

৯। যুগ্মসচিব (জাহাজ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

১০। সভাপতি, বাংলাদেশ শিপিং এজেন্ট এসোসিয়েশন, মক্কা মদিনা ট্রেড সেন্টার (২য় তলা), ৭৮, আগ্রাবাদ, বা/এ, চট্টগ্রাম-৪১০০।

১১। সভাপতি, বাংলাদেশ কন্টেইনার শিপিং এসোসিয়েশন, প্লট নং ৭৬/এ, (চতুর্থ তলা), রোড নং-১১, ব্লক নং এম, বনানী, ঢাকা-১২১৩।

১২। সভাপতি, বাংলাদেশ ওশান গোয়িং শিপ ওনার্স এসোসিয়েশন, প্লট নং ১১/বি, ব্লক সিডব্লিউএস (এ), রোড নং-৩০, গুলশান-১, ঢাকা-১২১২।

১৩। সভাপতি, বাংলাদেশ ফ্রেইড ফরোয়ার্ডাস এসোসিয়েশন, আতাতুর্ক টাওয়ার, (৮ম তলা), ২২ কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা-১২১৩।

১৪। সভাপতি, বাংলাদেশ কোস্টাল শিপ ওনার্স এসোসিয়েশন, মুন ম্যানশন, ২য় তলঅ, ১২, দিলকুশা, বা/এ, ঢাকা।

১৫। সভাপতি, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌচলাচল সংস্থা (যাপ), ১৪, পুরানা পল্টন, দারুস সালাম আর্কেড (৫ম তলা), ঢাকা।

১৬। সভাপতি, বাংলাদেশ লঞ্চ মালিক সমিতি, সদরঘাট, টার্মিনাল ভবন, ঢাকা।

১৭। সভাপতি, বাংলাদেশ রিভার ট্রান্সপোর্ট ওনার্স এসোসিয়েশন, জেবিন ভবন, (১ম তলা), ১৯৩/এ, ফকিরাপুল, ঢাকা-১০০০।

১৮। সভাপতি, BCVOA, বিজয় নগর, ঢাকা-০১৭১৩০৬৩৯২৫।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সভার কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

20.08.2022
(মুহাম্মদ লুৎফর রহমান)
উপসচিব
ফোন: ২২৩৩৮০৭৮৬